ঝিনাইদহ সদর থানার নতুন ওসি হিসাবে যোগদান করলেন মিজানুর রহমান

ঝিনাইদহ সদর থানায় নতুন ওসি হিসেবে যোগদান করেছেন মিজানুর রহমান। রোববার বিকেলে তিনি দায়িত্বভার গ্রহণ করেন। এ সময় সদর থানার ওসি (তদন্ত) এমদাদুল হক, ওসি (অপারেশন) আবুল খায়েরসহ অন্যান্য কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

নতুন যোগদানকৃত ওসি মিজানুর রহমান ময়মনসিংহের আনন্দ মোহন বিশ্ববিদ্যালয় থেকে শিক্ষা জীবন শেষ করে ২০০০ সালে বাংলাদেশ পুলিশ বাহিনীতে উপ-পরিদর্শক হিসেবে যোগদান করেন। তার বাড়ি ময়মনসিংহের জেলা সদরে। তিনি ২০১৫ সালে পদোন্নতি পেয়ে নারায়নগঞ্জ জেলার ফতুল্লা থানায় ওসি হিসেবে কর্মরত ছিলেন।

তিনি ইতিপূর্বে ঢাকা রেঞ্জের নারায়নগঞ্জ জেলা সদর ও ফতুল্লা থানায় সুনামের সঙ্গে দায়িত্ব পালন করেছেন। সর্বশেষ তিনি খুলনা রেঞ্জের ঝিনাইদহ জেলা সদরে নতুন ওসি হিসেবে যোগদান করেন।

রোববার তিনি যোগদান করে সাংবাদিকদের বলেন, আমি থানায় যোগদান করার পর কোনও নিরীহ লোক হয়রানির শিকার হবে না। থানায় অভিযোগ দিতে এসে কোন লোক পুলিশর খারাপ আচরণে ফেরত যাবে না।

ঝিনাইদহের পুলিশ সুপার মোঃ হাসানুজ্জামান (পিপিএম) এর নির্দেশ মোতাবেক সদর থানাকে মাদক, সন্ত্রাস, জঙ্গিমুক্ত করার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন। এছাড়াও আইনশৃঙ্খলার উন্নয়নে কাজ করতে সকলের সহযোগীতা কামনা করেন তিনি।

উল্লেখ্য, ঝিনাইদহ সদর থানায় সুনামের সাথে দায়িত্ব পালন শেষে পুলিশ বাহিনীর ভাবমূর্তি উজ্জল করতে বাংলাদেশ সরকারের পক্ষ থেকে সম্প্রতি সুদানে মিশনে পাঠানো হয়েছে বিদায়ী ওসি মঈন উদ্দিনকে।

[redacted]

[redacted]

[redacted]/[redacted]

[redacted]

বিদ্যালয় চত্তরে অনুষ্ঠিত সপ্তাহব্যাপী বই মেলার অস্থায়ী মঞ্চে আলোচনা সভা ও জাদু প্রদর্শনী করা হয়। অনুষ্ঠানে কোটচাঁদপুরের জনপ্রিয় ম্যাজিশীয়ান মন্টু ম্যাজিক বিভিন্ন প্রকারের আকর্শনীয় জাদু প্রদর্শনী করেন।

এসময় উপস্থিত ছিলেন, উপজেলা নির্বাহী অফিসার নাজনীন সুলতানা, থানার অফিসার ইনচার্জ মাহবুবুল আলম, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা মুন্সি ফিরোজা সুলতানা, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার রতন মিয়া, উপজেলা পল্লী উন্নয়ন অফিসার মোঃ বাহাউল ইসলাম, সরকারি মডেল পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ মফিজুর রহমানসহ সাংবাদিক, সাংস্কৃতিক ব্যাক্তি, সুশিল সমাজ এবং মেলায় আগত নানা শ্রেণী-পেশার হাজারো দর্শকআকর্শনীয় মন্টু মিয়ার জাদু উপভোগ করেন।

মুজিবনগরে ‘গ্রামীণ জনগোষ্ঠীর উন্নয়নে প্রচার কার্যক্রম শক্তিশালীকরণ’ শীর্ষক মহিলা সমাবেশ

মেহেরপুরের মুজিবনগরে ‘গ্রামীণ জনগোষ্ঠীর উন্নয়নে প্রচার কার্যক্রম শক্তিশালীকরণ’ প্রকল্পের আওতায় মহিলা সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

সোমবার সকাল ১১টার দিকে উপজেলার গৌরিনগর সরকারি প্রাথমিক বিদ্যালয় হলরুমে এ সমাবেশের আয়োজন জেলা তথ্য অফিস।

জেলা তথ্য অফিসার এলিন সাঈদ-উর রহমানের সভাপতিত্বে মহিলা সমাবেশে প্রধান অতিথি ছিলেন মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ উসমান গনি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা শিক্ষা

কর্মকর্তা বেলায়েত হোসেন, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা মোঃ তাজুল ইসলা।

সমাবেশে প্রধান অতিথি উসমান গনি বলেন “উন্নয়নের সাথে সাথে মানুষের জীবন যাত্রার মানও উন্নত হচ্ছে। এখন মানুষের ঘরে ঘরে বিদ্যুৎ, হাড়ির পরিবর্তে গ্রামের নারীরাও এখন প্রেসার কুকার, রাইচ কুকার ব্যবহার করছেন। এভাবে প্রতিটা ব্যক্তিগত উন্নয়নের সাথে সাথে দেশের সামগ্রিক উন্নয়ন হচ্ছে”।

অনুষ্ঠানে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন আলাউদ্দীন, উপজেলা সহকারী শিক্ষা কর্মকর্তিা আলাউদ্দিন, বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ শামারুল ইসলাম , অন্যান্য শিক্ষক, শিক্ষিকাবৃন্দ। সমাবেশে এলাকার মহিলা অংশ নেন।

মেহেরপুরের মল্লিকপাড়ায় ড্রেণ নির্মাণ কাজের উদ্বোধন

মেহেরপুর পৌর এলাকার ৭ নম্বর ওয়ার্ডের মল্লিকপাড়ায় ড্রেণ নির্মাণ কাজের উদ্বোধন করা হয়েছে।

সোমবার দুপুরের দিকে পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন মল্লিকপাড়া ড্রেন নির্মাণ কাজের উদ্বোধন করেন। মল্লিকপাড়া মুকুলের বাড়ি হতে নাসির এর বাড়ি পর্যন্ত ৪২০ মিটার আর সিসি ড্রেন নির্মাণের কাজ বরাদ্দ ৫১লাখ ৫২হাজার ৫০০টাকা। আগামি ৪ জুলাইয়ের মধ্যে কাজ শেষ হবে।

এ সময় সেখানে দোয়া করা হয়। ওয়ার্ড কাউন্সিলর নুরুল হাসান রাজিব, প্রকৌশলী হারুনুর রশীদ, সহকারি প্রকৌশলী মহাসিন আলী প্রমুখ সেখানে উপস্থিত ছিলেন।

মেপ্র/ ইএম

গাংনীতে দুই ইটভাটার মালিককে ১ লাখ টাকা জরিমানা

মেহেরপুরের গাংনীতে সড়কে মাটি ফেলে জনসাধারনের চলাচল বিঘ্ন করার অপরাধে দুই ইটভাটার মালিককে ১ লাখ টাকা জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত।

সোমবার দুপুর ১২ টার দিকে পুড়াপাড়া ও মুন্দা তেরাইল এলাকায় দুটি ইটভাটায় ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে এ জরিমানা আদায় করেন গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা দিলারা রহমান।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান জানান, গাংনী- মেহেরপুর সড়কের পুড়াপাড়া নামক স্থানে ইটভাটার মাটি রাস্তায় পড়ে জনসাধারনের চলাচলে বিঘ্ন সৃষ্টি হওয়ার বানারুল ইসলাম নামের এক ইটভাটা ব্যবসায়ীকে ৫০ হাজার টাকা জরিমানা করা হয়েছে। এছাড়া একই অপরাধে তেরাইল-মুন্দা এলাকায় আশরাফুল ইসলাম নামের এক ইটভাটা ব্যবসায়ীকে ৫০ হাজার টাকা জরিমানা করা হয়।

তিনি জানান, এর আগে উপজেলার সকল ইটভাটা মালিককে রাস্তার মাটি না ফেলতে এবং সব সময় রাস্তা পরিস্কার পরিচ্ছন্ন রাখার আহবান জানানো হয়। তারপরও তারও এই অপরাধ করেছে।
তিনি আরো জানান, কোন ভাবেই রাস্তায় মাটি ফেলে জনসাধারনের চলাচল বিঘ্ন সুৃষ্টি করা যাবেনা।

দেশকে আরও এক ধাপ উত্তরণে

সুশাসন চাই: হাসানুল হক ইনু

জাতীয় সমাজতান্ত্রিক দলের (জাসদ) সভাপতি হাসানুল হক ইনু এমপি বলেছেন, গণতন্ত্রের সুন্দর বাগানের জন্য বন্য শুকর খোয়াড়ে ঢুকিয়ে অর্থনীতি রক্ষায় দুর্নীতিবাজদের দমন করতে হবে। জঙ্গীবাদের মতোই দুর্নীতির মুলোৎপাটন করে দেশকে আরও এক ধাপ উত্তরণে সুশাসন চাই।

গতকাল রবিবার বিকাল ৪টায় কুষ্টিয়া জেলা জাসদের সভাপতি গোলাম মহসিনের সভাপতিত্বে ৩০তম ত্রি-বার্ষিক জেলা সম্মেলনের আনুষ্ঠানিক উদ্বোধন শেষে তিনি এসব কথা বলেন।

হাসানুল হক ইনু বলেন, শেখ হাসিনার নেতৃত্বে গত ১০ বছরে প্রথম পর্ব শেষ করে এখন নতুন পর্বে প্রবেশ করেছে দেশ। বিগত ১০ বছরে জঙ্গীবাদ, আগুন, সন্ত্রাস, নাশকতার বিরুদ্ধে যুদ্ধ শেষে দেশ মুক্তিযুদ্ধের চেতনায় ফিরে এসে এক বিস্ময়কর উন্নয়নের যাত্রা শুরু করেছে।

তিনি বলেন, বিদ্যমান অবস্থায় রাজনীতি, অর্থনীতিতে মৌল গুণগত পরিবর্তন অপরিহার্য হয়ে গেছে। শাসন-প্রশাসন, অর্থনীতি, সংবিধান ও রাজনৈতিক মাঠে শান্তি, যুগোপযোগী মানব সম্পদের দক্ষতা বাড়াতে শিক্ষা ব্যবস্থার বিশৃংখলা দূরীকরণ, জননিরাপত্তা নিশ্চিতকরণসহ সব ক্ষেত্রে যুগান্তকারী পদক্ষেপ নিয়ে জাতীয় উন্নয়ন ঘটাতে হবে।

পরে জাসদ সভাপতি হাসানুল হক ইনু কুষ্টিয়া জেলা জাসদের সম্মেলনে তৃতীয়বারের মতো হাজি গোলাম মহসিনকে সভাপতি এবং আব্দুল আলীম স্বপনকে সাধারণ সম্পাদক করে ৬৮সদস্য বিশিষ্ট জেলা কমিটির ঘোষণা দেন।

এ সময় উপস্থিত ছিলেন জাসদ কেন্দ্রীয় কমিটির নেতৃবৃন্দসহ জেলা- উপজেলার নেতৃবৃন্দ। বর্ণাঢ্য আয়োজনের এই সম্মেলনের শেষ পর্বে সাংস্কৃতিক অনুষ্ঠান হয়।

মেপ্র/আরপি

[redacted]

[redacted]

[redacted]

বিশ্ববিদ্যালয়ের কয়েকজন শিক্ষার্থীর ভাষ্য, গত শনিবার রাত সাড়ে ৮টার দিকে বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগের ২০১৫-১৬ শিক্ষাবর্ষের শিক্ষার্থী জেবিয়ারকে বন্ধু ভেবে ‘দোস্ত’ বলে সম্বোধন করে আইন বিভাগের ২০১৮-১৯ শিক্ষাবর্ষের ছাত্র কামাল হোসেন।

এ নিয়ে জেবিয়ারের কাছে কামাল দুঃখপ্রকাশ করেন। কিন্তু কামালকে শাসিয়ে পরে দেখা করতে বলেন জেবিয়ার। কামাল তাঁর বন্ধুদের নিয়ে জিয়াউর রহমান হলে জেবিয়ারের সঙ্গে দেখা করতে যান। সেখানে কথা- কাটাকাটির একপর্যায়ে জেবিয়ারকে মারধর করেন কামাল ও তাঁর বন্ধুরা।

ঘটনা জানতে পেরে ছাত্রলীগের কয়েকজন নেতা সেখানে গিয়ে সমাধান করার চেষ্টা করেন। রাত সাড়ে ১১টার দিকে জিয়া হলের ২০৮ নম্বর কক্ষে কামাল অবস্থান করছেন জানতে পেরে জেবিয়ার তাঁর পক্ষের লোকজন নিয়ে কামালের কাছে যান।

এ সময় কামাল কক্ষ থেকে বের হননি। তখন জেবিয়ারের পক্ষের লোকজন দরজায় লাথি ও ইট-পাটকেল মারতে থাকেন। পরে তাঁরা হল থেকে বের হয়ে মোড়ে অবস্থান নেন। জিয়া হলসহ অন্য হলে থেকে আসা কামালদের পক্ষের লোকজনের সঙ্গে জেবিয়ারদের সংঘর্ষ বাঁধে। এ সময় উভয় পক্ষের নেতা- কর্মীদের হাতে দেশীয় অস্ত্র দেখা যায়।

সংঘর্ষে হিসাব বিজ্ঞান ও তথ্য পদ্ধতি বিভাগের ২০১৫-১৬ শিক্ষাবর্ষের ছাত্র হিমেল চাকমা নামের এক ছাত্রলীগ কর্মী গুরুতর আহত হন। তাঁকে বিশ্ববিদ্যালয়ের চিকিৎসাকেন্দ্রে প্রাথমিক চিকিৎসা দিয়ে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়। ঘটনার জের ধরে জিয়াউর রহমান হলের ছাত্রলীগ কর্মী ইমতিয়াজের কক্ষ (৪১৫) ভাঙচুর করা হয়।

হাসপাতালে চিকিৎসাধীন হিমেল চাকমা বলেন, সংঘর্ষ ঠেকাতে গেলে তাঁকে পরিকল্পিতভাবে একটি পক্ষ মারধর করে। তাঁর কপালে চারটি সেলাই পড়েছে। চোখেও দেখতে সমস্যা হচ্ছে।

রাতের ঘটনা সম্পর্কে প্রক্টর পরেশ চন্দ্র বর্মণের মোবাইল ফোনে বলেন, ‘জরুরি মিটিংয়ে ব্যস্ত আছি, পরে কথা বলব।’

ইসলামী বিশ্ববিদ্যালয় থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা জাহাঙ্গীর আরিফ বলেন, ‘আমি ভিসি স্যারের রুমে আছি, পরে কথা বলছি।’

কুমারখালীতে তিনদিন ব্যাপী কৃষি মেলা উদ্বোধন

কুষ্টিয়ার কুমারখালীতে তিনদিন ব্যাপী কৃষি মেলার উদ্বোধন করা হয়েছে।

গতকাল রবিবার সকালে উপজেলা পরিষদ চত্বরে প্রধান অতিথি হিসেবে মেলার উদ্বোধন করেন কুষ্টিয়া-৪(খোকসা-কুমারখালী) আসনের সংসদ সদস্য ব্যারিষ্টার সেলিম আলতাফ জর্জ।

কুমারখালী উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) রাজিবুল ইসরাম খানের সভাপতিত্বে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের যশোর অঞ্চলের কর্মকর্তা সেলিম হোসেন। অনুষ্ঠানে উপজেলা কৃষি অফিসারসহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।

কৃষি ও গ্রামিণ উন্নয়ন প্রকল্পের আওতায় ব্যবহ্নত প্রযুক্তি সম্পর্কে ধারণা প্রদানের লক্ষে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কুমারখালী উপজেলার আয়োজনে তিনদিন ব্যাপী মেলায় সরকারি-বেসরকারি বিভিন্ন প্রতিষ্ঠানের ২৫টি স্টল অংশগ্রহন করে।

মেলা উপলক্ষে প্রতিদিন সন্ধ্যায় কৃষির উন্নয়ন নিয়ে সঙ্গীতানুষ্ঠান ও কৃষি ভিত্তিক অনুষ্ঠান সম্প্রচার করা হবে।

মেপ্র/আরপি